

## কথোপকথন (১)

হ্যালো

আমি কবি বলছি

জানতে পারি, ওপারে কারা ?

হ্যাঁ, আমরা দেশবাসী

স্বজনহারা, কবি ছাড়া ।

কেমন আছেন আপনারা ?

খুব খারাপ

মাথার ওপরের ছায়া সরে গেলে

যেমন লাগে, তেমন ।

কেমন চলছে আপনাদের ?

চলছে না

শব্দের তাঁত পড়ে আছে, শব্দ বুননের লোক নেই

ফসলের মাঠ পড়ে আছে, শব্দচাষী নেই

আমরা ক্ষুধার্ত

শব্দের খোরাক যোগাবে কে ?

আমরা আতঙ্কিত

সাহস যোগানোর লোক কই ?

কী হবে তাহলে ?

কিছুই হবে না

কেমন করে হবে

আপনি না থাকলে ।

তাই বলি, চলে আসুন

আমরা প্রতীক্ষায় ।

জাতি বিনয় ভুলে যাচ্ছে, অহঙ্কারী হয়ে উঠছে

কাপুরুষ মানুষের সংখ্যা বাড়ছে

এমন সময় আপনাকেই তো দরকার

আপনিইতো হাল ধরবেন ।

ফিরে আসুন, সবাই করছি বিনীত আহ্বান

হিমালয় চূড়াসম

শামসুর রাহমান ।

সেপ্টেম্বর ২, ২০০৬ শনিবার রাত